

# হজ্জের রুকন, ওয়াজিব ও সুন্নতসমূহ



**সূচিপত্র**

হজ্জের আরকান

হজ্জের ওয়াজিবসমূহ

হজ্জের সুন্নতসমূহ

## হজ্জের রুকনসমূহ

- ইহরাম অর্থাৎ হজ্জকর্মে প্রবেশের নিয়ত। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, **‘নিশ্চয় আমলের নির্ভরতা নিয়তের ওপর। আর প্রতি ব্যক্তির ভাগে তাই থাকে যা সে নিয়ত করে।’** (বর্ণনায় বুখারী)
- সাফা-মারওয়ার সায়ী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, **‘তোমরা সায়ী করো; কেননা আল্লাহ তাআলা তোমাদের ওপর সায়ী লিখে দিয়েছেন।’** (বর্ণনায় আহমদ) সায়ী করা আলেমদের কারো কারো নিকট ওয়াজিব, যা ছুটে গেলে দম দিয়ে শুধরে নিতে হয়।
- উকুফে আরাফা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, **‘হজ্জ হলো আরাফা।’** (বর্ণনায় ডিরমিহী)
- তাওয়াক্ফে ইফাযা। আল্লাহ তাআলা বলেন:
 

﴿وَلَيَطَّوَّفُنَّ فِيهَا بِاللَّيْلِ وَالنَّهَارِ﴾

**(আর তার যেন প্রাচীন ঘরের তাওয়াক্ফ করে।)**  
[সূরা আল হাজ্জ:২৯]

## সতর্কতা

যে ব্যক্তি হজ্জের কোনো রুকন ছেড়ে দিল তার হজ্জ পূর্ণ হবে না যতক্ষণ না সে তা পুনরায় আদায় করে নেবে।

## হজ্জের ওয়াজিবসমূহ

- মিকাত থেকে ইহরাম করা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিকাতের কথা উল্লেখ করে বলেছেন, **‘এ মিকাতগুলো ওই এলাকাবাসী এবং বহিরাগতদের যারা**

## ওই অঞ্চল দিয়ে হজ্জ ও উমরা আদায়ের উদ্দেশ্যে আসবে তাদের জন্য।’

 (বর্ণনায় বুখারী)

২ - যে ব্যক্তি দিনের বেলায় উকুফে আরাফা করবে তার জন্য সূর্যাস্ত পর্যন্ত আরাফায় অবস্থান করা; কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূর্যাস্ত পর্যন্ত অবস্থান করেছেন।

৩- মুযদালিফায় রাতযাপন; কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ওয়া সাল্লাম মুযদালিফায় রাতযাপন করেছেন এবং বলেছেন, ‘আমার উম্মত আমার কাছ থেকে হজ্জকর্মসমূহ বুঝে নিক; কেননা আমি জানি না, এ বছরের পর তোমাদের সাথে আমার হয়তো সাক্ষাৎ নাও হতে পারে। আর যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুর্বলদের জন্য মধ্যরাতের পর মুযদালিফা থেকে প্রস্থান করার অনুমতি দিয়েছেন। এর দ্বারা বুঝা গেল মুযদালিফায় রাতযাপন করা আবশ্যিক। আর আল্লাহ তাআলা মাশআরুল হারামের কথা উল্লেখের সময় এ ব্যাপারে নির্দেশ দিয়েছেন। হানাফী মাযহাব অনুযায়ী সুবেহে সাদেকের পর কিছু সময় মুযদালিফায় অবস্থান করা ওয়াজিব।

৪- আইয়ামে তাশরীকে মিনার রাতগুলো মিনায় যাপন করা। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাখালদের জন্য মিনায় রাতযাপন না করার অনুমতি দিয়েছেন। এর দ্বারা বুঝা গেল মিনায় রাতযাপন মূলত ওয়াজিব। ওযর ব্যতীত মিনায় রাতযাপন পরিত্যাগ করা বৈধ নয়। অবশ্য আলেমদের কারো কারো নিকট মিনায় রাতযাপন করা সুন্নতে মুয়াক্কাদা, যা ছেড়ে দেয়া মাকরুহ এবং অযাচিত কর্ম।

৫- কঙ্কর মারা। আল্লাহ তাআলা বলেন:

﴿وَأَذْكُرُوا اللَّهَ فِي أَيَّامٍ مَّعْدُودَاتٍ﴾

**(আর আল্লাহকে স্মরণ কর নির্দিষ্ট দিনসমূহে।)**  
[আল বাকরা:২০৩]

কঙ্কর নিষ্ক্ষেপ করা আল্লাহর যিকরের মধ্যে শামিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘নিশ্চয় বায়তুল্লাহর তাওয়াক্ফ এবং সাফা-মারওয়ার সায়ী ও কঙ্কর নিষ্ক্ষেপ আল্লাহর যিকর বাস্তবায়নের উদ্দেশ্যে বিধিবদ্ধ করা হয়েছে।

৬ - মাথা মুগুন ও চুল ছোট করা। আল্লাহ তাআলা বলেন:

﴿لَتَذَخَّرْنَ لَكُمْ مِنَ الْمُجْرِمِ الْحَرَامَ إِن شَاءَ اللَّهُ أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَمَّا بَلَغْتُمْ مِنْهَا حُدُودَهَا فَكُوا مِنْهُ حَيْثُ شِئْتُمْ مِنْ أَسْفَلِهَا وَلَا تَقْرَبُوا الشَّعْرَ﴾

**(তোমরা ইনশাআল্লাহ নিরাপদে তোমাদের মাথা মুগুন করে এবং চুল ছোট নিভয়ে আল-মাসজিদুল হারামে অবশ্যই প্রবেশ করবে।)** [সূরা আল ফাতহ:২৭]

৭ - বিদায়ী তাওয়াক্ফ। ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, ‘মানুষদেরকে নির্দেশ দেয়া হয়েছে যে তাদের শেষ সাক্ষাৎ যেন হয় বায়তুল্লাহর সাথে, তবে তিনি ঋতুগ্রস্ত নারীর জন্য সুযোগ দিয়েছেন।’

## হজ্জের সুন্নতসমূহ

হজ্জের রুকন ও ওয়াজিব ব্যতীত অন্যসব হজ্জকর্ম সুন্নতের মধ্যে শামিল। আর তা হলো নিম্নরূপ:

- ইহরামের সময় গোসল করা।
- একটি চাদর এবং সেলাইবিহীন লুঙ্গি পড়ে ইহরাম বাঁধা।
- তালবিয়া পাঠ ও তালবিয়া পাঠের সময় আওয়াজ উঁচু করা।
- আরাফায় গমনের পূর্বরাত মিনায় যাপন করা।
- হাজরে আসওয়াদ ইস্তিলাম করা।
- তাওয়াক্ফে কুদূম ও উমরার সময় ইমতিবা করা। ইমতিবা হলো ডান বগলের নিচে চাদর রেখে ডান কাঁধ উন্মুক্ত রাখা।
- তাওয়াক্ফে কুদূম ও উমরার তাওয়াক্ফের প্রথম তিন চক্রের রমল করা। রমল হলো দ্রুত পদে চলা।
- কিরান ও ইফরাদ হজ্জকারীর তাওয়াক্ফে কুদূম করা।

“  
হজ্জের ওয়াজিবসমূহ  
যে ব্যক্তি হজ্জের কোনো ওয়াজিব ছেড়ে দিল, দম যাবেহ করে তাকে এর ক্ষতিপূরণ দিতে হবে।  
”

“  
হজ্জের সুন্নতসমূহ  
হজ্জের কোনো সুন্নত ছুটে গেলে দম দিতে হবে না। বরং হজ্জ শুদ্ধ বলে গণ্য হবে।  
”

